



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০৮৯.৪৪.০০২.২৪.৪৭৭৬

তারিখ: ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মোটর গাড়ি ক্রয় ঋণ গ্রহণকারী কিছু কর্মকর্তা এখনও বিভিন্ন রুটে চলমান কোম্পানির নিজস্ব ও ভাড়াকৃত লিফটিং এবং শাখা/বিভাগে সংযুক্ত দাপ্তরিক গাড়িতে যাতায়াত করছেন। ইতোমধ্যে মোটর গাড়ী ক্রয় এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২৪ অনুযায়ী কোম্পানির প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের মোটর গাড়ি ক্রয় ঋণ প্রদান করা হয়েছে। মোটর গাড়ী ক্রয় এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২৪ এর অনুচ্ছেদ-৪(৮), অনুচ্ছেদ-২১(৩) ও অনুচ্ছেদ-২১(৪) নিম্নরূপ:

অনুচ্ছেদ-৪(৮)-“ঋণ গ্রহণকারী কর্মকর্তাগণ কোম্পানি হতে পিক এন্ড ড্রপ /লিফটিং সুবিধা প্রাপ্য হবেন না।”

অনুচ্ছেদ-২১(৩)-“রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ সম্পূর্ণ (১০০%) অর্থ গ্রহণকারী কর্মকর্তাগণ অফিসে যাতায়াত বা অন্য কোন কাজের জন্য কোনভাবেই কোম্পানির কর্মস্থলের গাড়ি ব্যবহার করতে পারবেন না।”

অনুচ্ছেদ-২১(৪)-“প্রবিধি ২১(৩) অনুসরণে ব্যর্থ হলে কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা অনুযায়ী “অসদাচরণ” বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট অর্থ শতকরা ১৫ (পনের) টাকা হারে জরিমানাসহ আদায়যোগ্য হবে।”

২। এমতাবস্থায়, মোটর গাড়ি ক্রয় ঋণ প্রাপ্ত কর্মকর্তাদেরকে “মোটর গাড়ী ক্রয় এবং গাড়ি সেবা নগদায়ন নীতিমালা-২০২৪” এর **অনুচ্ছেদ-৪(৮)** ও **অনুচ্ছেদ-২১(৩)** মেনে চলার জন্য নির্দেশ প্রদান করা হলো।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৮-১০-২০২৪

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক

৫৫০১২৭০৯

titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০৮৯.৪৪.০০২.২৪.৪৭৭৬/১ (৮)

তারিখ: ১২ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল);
- ২। উপমহাব্যবস্থাপক (সাধারণ) সকল;
- ৩। উপমহাব্যবস্থাপক (হিসাব) সকল;
- ৪। উপমহাব্যবস্থাপক (কারিগরি) সকল;
- ৫। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৬। ব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ৭। ব্যবস্থাপক (কারিগরি)- সকল এবং
- ৮। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



Suhon

২৮-১০-২০২৪
সারওয়াত জাহান
উপমহাব্যবস্থাপক